Ashar 28, 1425 Bangla, July 12, 2018 Thursday, No. 193 48th year

H I G H L I G H T S

PM urges people to remain alert of misinterpretation of Islam - inaugurating Hajj programme-2018 she says, some people put Islam into question through their terrorist acts in name of religion. (R. Tehran:7,R. Today:9)

Sheikh Hasina informs JS, govt. didn't arreset Khaleda Zia over political reason - also adds, next poll will be held in a free & fair manner. (R. Today:11)

AL GS says, country's all achievements will turn into zero if BNP assume power - adds, everyone has to wait till October next to see whether election is held without Khaleda Zia or not. (R. Tehran:8,R. Today:10)

Liberation War Affairs Minister opines, there is no scope of bringing any changes to 30% freedom fighters' quota in public jobs without concent of SC. (R. Today:10)

Law Minister says, the Digital Security Act-2018 is to be passed in next JS session which will be people & media friendly. (R. Today:11)

Non MPO teachers have called off month long hunger strike after govt. assurance to implement their demand in phases. (R. Today:11)

U.S. President Donald Trump has told NATO leaders that they should increase their defense spending to 4% of their country's economic output. (BBC:6)

Croatia reaches World Cup Football final for 1st time beating England 2-1 goals in an utterly gripping World Cup semi-final in Moscow to set up a final date with France. (BBC:6)

আষাঢ় ২৮, ১৪২৫ বাংলা, জুলাই ১২, ২০১৮ বৃহঃস্পতিবার, নং-১৯৩, ৪৮ বছর

শিরোনাম

কিছু মানুষ জঙ্গি কার্যক্রম করে ধর্মকে প্রশ্নবিদ্ধ করার ষড়যন্ত্র করছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সকালে রাজধানীর আশকোনায় হজ্জ্ব যাত্রা কার্যক্রম ২০১৮ এর উদ্বোধন করে তিনি একথা বলেন।

(রে. তেহরান:৭,রেডিও টুডে:৯)

রাজনৈতিকভাবে গ্রেফতার করতে চাইলে বেগম খালেদা জিয়াকে আরও আগেই গ্রেফতার করা যেত বলে মন্তব্য করে জাতীয় সংসদে প্রধানমন্ত্রীর জন্য নির্ধারিত প্রশ্নোত্তর পর্বে শেখ হাসিনা বলেন, আগামী জাতীয় সংসদ নির্বাচন অবাধ ও নিরপেক্ষ হবে।

(রেডিও টুডে:১১)

খালেদা জিয়াকে ছাড়া আগামী নির্বাচন হবে কি না সে জন্য আগামী অক্টোবর পর্যন্ত অপেক্ষা করতে হবে জানিয়ে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক বলেন, বিএনপির হাতে ক্ষমতা ছেড়ে দিলে বাংলাদেশ রসাতলে যাবে।

(রে. তেহরান:৮,রেডিও টুডে:১০)

সরকারি চাকরিতে থাকা মুক্তিযোদ্ধা কোটায় হস্তক্ষেপ করা হবে না জানিয়ে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রী বলেছেন, আদালতের নির্দেশ ছাড়া মুক্তিযোদ্ধা কোটা পরিবর্তন সম্ভব নয়। (রেডিও টুডে:১০)

ডিজিটাল নিরাপত্তা আইন-২০১৮ আইনটি জনবান্ধব ও মিডিয়া বান্ধব হবে বলে জানিয়েছেন আইনমন্ত্রী বলেছেন, সংসদীয় আগামী অধিবেশনে আইনটি পাস হতে পারে। (রেডিও টুডে:১১)

প্রধানমন্ত্রীর আশ্বাসে আন্দোলনরত নন-এমপিও শিক্ষক-কর্মচারীদের অনশন ভাঙ্গিয়েছেন চার বিশিষ্টজন।

(রেডিও টুডে:১১)

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ন্যাটোর প্রতিরক্ষা ব্যয়ের জন্য এর সদস্য দেশগুলোকে এখনকার তুলনায় দ্বিগুণ অর্থ দেওয়ার দাবি জানিয়েছেন। (বিবিসি:৬)

ইংল্যান্ডের ২-১ গোলে হারিয়ে রাশিয়া বিশ্বকাপের ফাইনালে উঠে গেল ক্রোয়েশিয়া। ১৫ই জুলাই ফাইনালে ফ্রান্সের মুখোমুখি হবে ক্রোয়েশিয়া। (বিবিসি:৬)

বিবিসি

কোটা আন্দোলনে ছাত্রদের ওপর হামলার প্রতিবাদ জানিয়ে বিজ্ঞপ্তি প্রকাশ পশ্চিমা দূতাবাসগুলোর

বাংলাদেশে সরকারি চাকরিতে কোটা সংস্কারের দাবিতে ছাত্র আন্দোলনকারীদের মত প্রকাশের অধিকার নিশ্চিত করতে ঢাকার কয়েকটি পশ্চিমা দেশের দূতাবাস বিজ্ঞপ্তি দেয়ার পর তা নিয়ে শুরু হয়েছে নানা আলোচনা ও বিতর্ক। কোটা বিরোধী ছাত্রদের উপরে হামলার নিন্দা জানিয়ে ঢাকায় মার্কিন দূতাবাস বিবৃতি দেয় আর তার একদিন পরেই সুইজারল্যান্ড, নেদারল্যান্ডস্ এবং নরওয়ের দূতাবাসও বিবৃতি দেয়। যা তাদের ফেসবুক পেজে প্রকাশিত হয়। দূতাবাসের বিবৃতিতে বলা হয় যে ছাত্রদের ওপরে যে ধারাবাহিক হামলা হয়েছে তার নিন্দা করা হচ্ছে এবং এ নিয়ে তারা গভীরভাবে উদ্বেগ প্রকাশ করেছে। এ সম্পর্কে আরও জানতে কথা বলেছিলাম ঢাকায় সংবাদদাতা আকবর হোসেনের সঙ্গে :

দূতাবাসগুলোর বিবৃতি আসলে প্রথমটি এসেছিল দু'দিন আগে মার্কিনী দূতাবাসের তরফ থেকে। এর পরেই সকাল আরও তিনটি দূতাবাসের পক্ষ থেকে তাদের ফেসবুকে এ সংক্রান্ত বিবৃতি এসেছে। দূতাবাসগুলো হচ্ছে সুইজারল্যান্ড, নেদারল্যান্ডস এবং নরওয়েজিয়ান অ্যাম্বেসি।

সেখানে তারা যেটি বলেছে মূলত নরওয়ের দূতাবাস তাদের বিবৃতিতে বলেছে যে মত প্রকাশের যে অধিকার এটার উপর ধারাবাহিক হামলা সে বিষয়টা নিয়ে তারা উদ্বিগ্ন হচ্ছে এবং তারা মনে করেছে সকল বাংলাদেশির মত বিশ্ববিদ্যালয়ের ছাত্রদেরও প্রতিবাদ করার এবং গণতান্ত্রিক চর্চার অধিকার রয়েছে। সুইজারল্যান্ড দূতাবাস তাদের বিবৃতিতে বলেছে ঢাকা এবং অন্য শহরে শান্তিপূর্ণ সমাবেশের উপর যেসব হামলা হয়েছে সম্প্রতি তারা সেগুলোর নিন্দা জানিয়েছে এবং তারা বলছে যে বাংলাদেশ যেসব নীতির ওপর ভিত্তি করে প্রতিষ্ঠিত হয়েছে সমাবেশের ওপর ধারাবাহিক হামলা সে সব নীতির পরিপন্থী। আর নেদারল্যান্ডসের দূতাবাস তারা বলেছে যে মত প্রকাশ এবং সমাবেশ করার অধিকার এটি একটি মানবাধিকার, সার্বজনীন মানবাধিকার।

বিবিসি: এটা একটা আলোচনার বিষয়ে পরিণত হয়েছে। নানাজন নানা রকমের মত প্রকাশ করছেন। তারা কি বলছেন কি ধরনের প্রতিক্রিয়া আসলে হয়েছে।

আকবর : বাংলাদেশের বিভিন্ন বিষয়ে বিদেশী দূতাবাসগুলোর মন্তব্য নতুন কোনো বিষয় নয়। বিভিন্ন সময়ে নানা রাজনৈতিক ইস্যুতে তারা তাদের বক্তব্য এবং বিবৃতি দিয়েছে। খোলামেলা ভাবে নানা ইস্যুতে কথাও বলেছে এবং স্বভাবতই যারা ক্ষমতায় থেকেছে বিভিন্ন সময়ে তারা এগুলোতে খুব একটা খুশি হননি। এখনও যে কোটা সংস্কার আন্দোলন সেটি হচ্ছে এটি নিয়ে পক্ষে-বিপক্ষে কিন্তু বাংলাদেশে মতামত রয়েছে। ক্ষমতাসীনদের অনেকে মনে করছেন এ আন্দোলনে সরকার বিরোধীদের মদদ রয়েছে। আর অন্যদিকে কোটা সংস্কার ইস্যুটিকে কাজে লাগিয়ে সরকার বিরোধীরা রাস্তায় সক্রিয় হয়ে উঠতে দূতাবাসগুলোও সে বিবৃতি দিয়েছে এমন প্রেক্ষাপটে সেটা নিয়ে বিশ্লেষকদের মধ্যেও মত পার্থক্য রয়েছে। যেমন বিশ্লেষকদের কেউ কেউ মনে করছেন যে আসলে যখন একটি বিষয় নিয়ে বাংলাদেশে পক্ষ-বিপক্ষ একটি অবস্থান তৈরি হয়েছে তখন সে বিষয় নিয়ে কূটনৈতিকদের বক্তব্য দেয়াটা রেওয়াজের মধ্যে পরে না। এর ফলে তাদের দিক থেকে এ ধরনের কোনো মন্তব্য আসার অর্থ হচ্ছে বিষয়টিতে নাক গলানোর চেষ্টা করা। এতে করে পরিস্থিতি আরও ঘোলাটে হতে পারে এমন আশঙ্কা অনেকে প্রকাশ করেন। আর আরেকটি মন্তব্য আরেক পক্ষ মনে করেন যে না দূতাবাসগুলো যে বক্তব্য দিয়েছে সেটার সঙ্গে কোটা সংস্কার যৌক্তিক না অযৌক্তিক সেটার কোনো সম্পর্ক নেই। তারা শুধু বলতে চেয়েছে মানবাধিকারের প্রশ্নটি অর্থাৎ শান্তিপূর্ণভাবে কেউ যদি আন্দোলন করতে চায়, তার মত প্রকাশ করতে চায় সেটি রক্ষা করার পক্ষে তারা কথা বলছে। কোটা সংস্কারের যে বিষয়টি যে বিষয়ে তারা কোনো কথা বলছে না। মানবাধিকার এর প্রশ্ন নিয়ে, মত প্রকাশের অধিকারের প্রশ্নটি নিয়ে যে কেউ কথা বলতেই পারে। এমন ধারণাও রয়েছে।

বিবিসি: এখন সরকারের দিক থেকে বা পররাষ্ট্র মন্ত্রণালয়ের দিক থেকে কোনো ধরনের প্রতিক্রিয়া দেখা গেছে প্রকাশ্যে বা আড়ালে।

আকবর : সে ধরনের কোনো প্রতিক্রিয়া এখনও পর্যন্ত দেখা যায়নি। কারণ যেটি বলছিলাম যে বিভিন্ন সময়ে যখন বিদেশী দূতাবাসগুলো বা কূটনৈতিকদের নানা মন্তব্য আসে অনেক সময় হয়তো সাংবাদিকরা জিজ্ঞেস করলে কোনো জায়গায় তারা হয়তো তাৎক্ষণিক কোনো মন্তব্য করেন বা অনেক সময় তারা বিবৃতিও দেন বাংলাদেশ সরকারের পররাষ্ট্র মন্ত্রণালয় কিন্তু এ বিষয়টি নিয়ে দুদিন আগে মার্কিন দূতাবাস এরপরে আরও তিনটি দূতাবাসের তরফ থেকে বিবৃতি। এটি নিয়ে আনুষ্ঠানিক বা অনানুষ্ঠানিক কোনভাবেই সরকারের দিক থেকে বা পররাষ্ট্র মন্ত্রণালয়ের দিক থেকে কোনো মন্তব্য বা বক্তব্য পাওয়া যায়নি। (বিবিসি: ১৯:৩০ ঘ. ১১/০৭/১৮ রিহাব/আশরাফ)

বাংলাদেশে গত কয়েক দশক ধরেই চলছে পরিবার পরিকল্পনা কার্যক্রম

আজ জাতিসংঘের জনসংখ্যা দিবস। বিশ্বের অন্যতম জনবহুল দেশ বাংলাদেশে গত কয়েক দশক ধরে পরিবার পরিকল্পনা কার্যক্রম চলছে। সরকারের লক্ষ্য আছে ২০২২ সালের মধ্যে প্রজনন হার দুই শতাংশে নামিয়ে আনা, অর্থাৎ প্রত্যেক নারীর যেন দুটির বেশি সন্তান না থাকে। সে লক্ষ্যমাত্রা এখনও অর্জিত হয়নি এবং আদৌ অর্জন হবে কিনা সে নিয়ে গবেষকরা সন্দিহান। কেন এতদিন পরেও প্রজনন হার কাঙ্খিত দুই শতাংশে নামিয়ে আনা সম্ভব হচ্ছে না। ঢাকায় তারই খোঁজ নিয়েছেন বিবিসি বাংলার সাইদুল ইসলাম।

আমি এসেছি ঢাকার টিএন্ডটি কলোনীতে। একটু কাছেই কড়াই বস্তি, পরিবার পরিকল্পনা সুবিধাবঞ্চিত যে ৩৭ লাখ নারীর কথা বলা হচ্ছে তাদের অনেকেই এরকম প্রান্তিক পরিবেশে বসবাস করে। এখানে কথা বলছি সালেহা বেগমের সঙ্গে। যার ৫টি সন্তান রয়েছে, (স্বকণ্ঠে): প্রথমে ৩ জন মেয়ে এর পরে আবার দুই ছেলে হইছে।

বিবিসি : এতগুলো বাচ্চা মানুষ করতে কোন সমস্যা হয়েছে ?

সালেহা বেগম: সমস্যা তো না। বাচ্চা যখন মানুষ তো করাই লাগবে, অসুবিধা নাই কিছু।

বিবিসি: আপনি কি পরিবার পরিকল্পনা বিষয়ে জানতেন, এ সম্পর্কে কি অবগত হননি ?

সালেহা বেগম : না, শুনেছি। কিন্তু ছেলের আশায় নিছি। পরিবারের সবাই ছেলে চায়, তার জন্য নেয়া হইছে।

সালেহা বেগমের মতো অনেক নারী পরিবার পরিকল্পনা সম্পর্কে জানেন। কিন্তু সেটি পুরোপুরি অনুসরণ করেন না। আর এটিকেই সবচেয়ে বড় চ্যালেঞ্জ বলে মনে করছেন এই খাতের বিশ্লেষকরা। কয়েক দশক আগে থেকে বাংলাদেশ সরকার পরিবার পরিকল্পনার প্রতি দুই সন্তান নীতির যে পরিকল্পনা নিয়েছিল তা নিয়ে সরকার এখন কি ভাবছে ? জিজ্ঞেস করেছিলাম ডা. কাজী মুস্তফা সরোয়ারের কাছে, (স্বকণ্ঠে): জনসংখ্যা নীতি অনুযায়ী নারী প্রতি সন্তান হলো দুই জন। আমরা ২.০ টার্গেটে এগিয়ে যাচ্ছি। দুই দশমিক জিরোর কাছাকাছি আমরা চলে আসছি। ২০৫০ সালের পরেই আমাদের জনসংখ্যা ক্রমান্বয়ে নিচের দিকে নামতে থাকবো। আমাদের লক্ষ্যমাত্রা রাখছি ৭৫ শতাংশই যেন জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতি গ্রহণ করে। আমাদের বর্তমানে যে হার ৬২.৪। মহিলাদের আগ্রহ আছে কিন্তু আমরা হয়তো কোন কারণে সেখানে পৌছাতে পারছি না, সে পৌছানোর জন্যই আমরা বিভিন্ন কার্যক্রম হাতে নিয়েছি। আমাদের প্রচারণা কার্যক্রম আমরা আরও বাড়িয়ে তুলবো। আমাদের চ্যালেঞ্জগুলো মোকাবেলা করে আমরা লক্ষ্যমাত্রা অর্জন করতে পারবো বলে বিশ্বাস করি। এর আগেও কয়েক দফায় জন্ম হার ও প্রজনন হার নিয়ন্ত্রণের নানা লক্ষ্য নির্ধারণ করা হয়েছে শিশু মৃত্যু, মাতৃ মৃত্যু হার থামানোসহ সরকারের অনেক অর্জন থাকলেও প্রজনন হার নিয়ন্ত্রণের সাফল্য পুরোপুরি আসেনি। বিশেষজ্ঞদের মতে এর বড় কারণ অল্প বয়সে বিয়ে হয়ে যাওয়া কিশোরীদের যেমনই এই সুবিধার আওতায় আনা যাচ্ছে না তেমনি অনেকে একবার জন্ম নিয়ন্ত্রণ শুরু করেও নানা কারণে পরে বাদ পরে যান। তৈরী পোশাক খাতের মতো অনেক শিল্পে কর্মরত বিপুল সংখ্যক নারী শ্রমিক রয়েছেন নজরদারির বাইরে। গবেষক ও অধ্যাপক বরকতই খোদা বলেছেন পরিকল্পনা বাস্তবায়নে সরকারি দপ্তরের অনেক ত্রুটি রয়েছে, (স্বকণ্ঠে): দুইটা অধিদপ্তর হবে এখানে। স্বাস্থ্য অধিদপ্তর এবং ফ্যামিলি প্লানিং অধিদপ্তর। এই দুই অধিদপ্তরের মধ্যে কো-অর্ডিনেশনের অভাব আছে। ফ্যামিলি প্লানিং অধিপ্তরের মধ্যে ডক্টর এবং নন-ডক্টরদের মধ্যে কনফ্লিক্ট তারপরে অনেক সময় বাইরে ক্যাম্পেইন করার বাজেট থাকে না। হেলথ এবং ফ্যামিলি প্লানিং এ যে বাজেট দেওয়া হয়। জনসাধারণের মধ্যে সচেতনতা কিন্তু আছে। আগামী ৪ বছরের মধ্যে দুই সন্তান নীতির পুরোপুরি বাস্তবায়ন করতে চায় বাংলাদেশের সরকার। একে উচ্চাভিলাষী বলে বর্ণনা করলেও এই খাতের বিশেষজ্ঞরা বলছেন সেই লক্ষ্য বাস্তবায়ন করতে হলে আগে বাদ পরা কিশোরী ও নারীদের পরিবার পরিকল্পনা সেবার আওতায় নিয়ে আসতে হবে।

(বিবিসি: ১৯:৩০ ঘ: ১১/০৭/১৮ সোনিয়া/কোহিনূর)

অবৈধ অনুপ্রবেশের দায়ে বাংলাদেশি ধরা পড়লে ভারতীয় কর্তৃপক্ষ বাবা-মাকে জেলে পাঠিয়ে দেয়

আমেরিকায় অবৈধ অভিবাসী পরিবারের সন্তানদের বাবা মায়ের কাছ থেকে বিচ্ছিন্ন করে দেয়ার জন্য সেখানে ট্রাম্প প্রশাসনের বিরুদ্ধে হুলিয়া ছুড়ে সরগোল হচ্ছে সেই একই ধরনের রেয়াজ ভারত-বাংলাদেশ সীমান্তে বহু বছর ধরে চলছে বলে অভিযোগ উঠছে। গবেষণা প্রতিষ্ঠান ক্যালকাটা রিচার্স গুলোর এক সাম্প্রতিক প্রতিবেদনে বলা হয় অবৈধ অনুপ্রবেশের দায়ে কোন বাংলাদেশি পরিবার ধরা পড়লে ভারতীয় কর্তৃপক্ষ বাবা মাকে জেলে পাঠিয়ে দেয় এবং বাচ্চাদের বয়স ৬ বছরের বেশি হলে তাদের ঠাঁই হচ্ছে হোমে। তারা বাবা-মা থেকে বিচ্ছিন্ন অবস্থায় থাকে বছরের পর বছর ধরে। দিল্লী থেকে আরও জানাচ্ছেন শুভজ্যোতি ঘোষ।

ভারতের ফরেনহার সাকরির ১৪-এ ধারা অনুসারে অবৈধভাবে এদেশে ঢুকলে সর্বনিম্ন ২ বছরের আর সর্বোচ্চ ৮ বছরের জেল হতে পারে। এই আইনে প্রতি বছরই বহু বাংলাদেশির ঠিকানা হয় ভারতের বিভিন্ন জেল, তবে সমস্যাটা আরো বাড়ে যখন তাদের সঙ্গে থাকে ৬ বছরের বেশি বয়সী ছেলে মেয়েরা। জেনেভা ইউনিভার্সিটির সাবেক সুচরিতা

সেনগুপ্ত বছর তিনেক আগে কোলকাতা রিসার্চগুলোর হয়ে এই বিষয়ে সরেজমিনে প্রতিবেদন তৈরি করেছিলেন, (স্বকণ্ঠে): যারা একেবারে ছোট বাচ্চা, ৬ বছরের নিচের বাচ্চাকে এলাউ করা হয় মার সাথে থাকতে। তার উপরে হলে হোমে পাঠিয়ে দেয়া হয়। প্রত্যেকটা জেলের কাছে লিস্ট থাকে, বিভিন্ন এনজিও জেলের সাথে কন্ট্রাক্ট থাকে। তাদের নিজস্ব হোম থাকে। যেমন নরেন্দ্রপুরে হোম আছে। ব্যক্তিগত স্তরের বেশ কিছু পুলিশের সুপার থাকে যারা অসম্ভব সাহায্য করতে চায় আর করেও। তারা ব্যক্তিগত স্তরে করেও। কিন্তু অনেক মায়েরা সেটা কমপ্লেইন করেছিল তারা একবার যখন জেলে চলে আসে আর বাচ্চারা আলাদা হয়ে যায় তখন হয়ত একবারও তারা সেই বাচ্চাকে চোখে দেখতে পাচ্ছে না।

অথচ ভারতের স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ৭ বছরের পুরোনো নির্দেশই বলছে সার্ক দেশ থেকে কোন অবৈধ অভিবাসী ভারতে এলে জেল নয় তাদের হোমে রাখার কথা। এই ধরনের হোম তৈরি হলে বাচ্চারা অনায়েশে বাবা মায়ের সঙ্গেই থাকতে পারতো কিন্তু মানবাধিকার সংস্থা মাসুমের কিরিটি রায় বলছিলেন আজ পর্যন্ত সেই নির্দেশ মানার কোন গরজই দেখা যায়নি, (স্বকণ্ঠে): ট্রানজিট হোম তারা বলেছে এবং সেখান থেকে তাদের লিভ ব্যাক ত্রিয়েট করতে। কিন্তু আমাদের এখানে ঐ অর্ডারটা আসার পর তেকে ২০১১ সাল থেকে ২০১৮ আজকে কোন পক্ষকে রাজ্য সরকারের পুলিশকে কেন্দ্রীয় সরকারের বিএসএফ। তারা কেউ কোন আইন মানছে না এবং তারা গতানুগতিক পদ্ধতিতেই এই কাজগুলো করেছে এবং দুর্ভাগ্য হচ্ছে জাতীয় মানবাধিকার কমিশনও এই ব্যাপারে চোখ বুঝে বসে আছে।

এছাড়া অনেক ক্ষেত্রে এমনটাও হয় যে সরকারি হোমে এসে পড়া বাংলাদেশি কিশোরের বাবা-মার সন্তানই বের করা যায় না। বহু বছর আগে তার পরিবারের খোঁজ মেলে ততদিনে, বাবা মা হয়তো বেঁচেই নেই। বলছিলেন পশ্চিম বঙ্গ সরকারের চাইল্ড ওয়েল ফেয়ার কমিটির সদ্য প্রাক্তন চেয়ারম্যান ইন্দ্রানী গহ্‌ব্রক্ষ (স্বকণ্ঠে) অনেক ক্ষেত্রে বাচ্চারা যেটা বলেছে যে যোগাযোগ করে পাওয়া যায়নি বছরের পর বছর রয়েই গেছে। আমি দেখেছি এরকম ছোট বাচ্চা ছিল তারা বহু দিন পরে যোগাযোগ করে দেখা গেছে তার বাবা মা হয়তো সরে গেছে দিদি এসে তার পরে নিয়ে গেল এটি লেন্দি প্রসেস। কলকাতার এনজিও সংলাপের হোমেও বহু বছর ধরে আশ্রয় পেয়ে আসছে এই ধরনের শিশুরা। সংলাপের আলোক বিশ্বাস বলছিলেন আলাদা হয়ে পড়া রোহিঙ্গা বাচ্চাদের সঙ্গে তাদের বাবা মাকে মিলিয়ে দেয়ার চেষ্টায় তিনি যে ধরনের ট্রাজেডি দেখেছেন তা আরও মর্মান্তিক (স্বকণ্ঠে): রোহিঙ্গা অনেকগুলো ছিল। তাদের বিষয়গুলো খুব পেইনফুল ছিল। তাদের বাবা মারা জেলখানায় ছিল আবার জেলখানার বাইরেও ছিল। তারা আপ্রাণ চেষ্টা করছে এবং বলছে এটা আমার বাচ্চা, বাচ্চা বলছে এটা আমার বাবা অথচ প্রশাসন এটা নিয়ে কোন মাথা ঘামাচ্ছে না।

সুচরিতা সেনগুপ্তের গবেষণায় এবার উঠে এসেছে বহরমপুর জেলে ৭ বছরের মেয়াদ খাটা জামাইকে ভাদুরি মালার কথা। ৪০ বছর বয়সী যে মহিলা ৪ বছর ধরে নিজের ২ বাচ্চা ছেলে-মেয়ের মুখ অব্দি দেখতে পারেননি, (স্বকণ্ঠে) যে পার্টিকুলারলি বলেছিল তার জেলের সংখ্যা অনেক বেশি ছিল। কারণ আমাদের ফরেনহার এ্যাক্টও বহুবার পরিবর্তন হয়েছে। সে ছিল আগের যেখানে শাস্তির মেয়াদ অনেক বেশি ছিল। এখন এটা কমে ২০ বছর হয়ে গেছে। ফলে আইনের জটিলতাই হোক বা যোগাযোগের অভাব। ভারতে ঢুকে পড়া এমন অযশ্র বাংলাদেশি বাবা-মা নানা কারণে তাদের সন্তানদের থেকে আলাদা হয়ে যাচ্ছেন কখনও সে সেটা হয়তো চিরতরেও।

(বিবিসি: ১৯:৩০ ঘ: ১১/০৭/১৮ প্রতীক/কোহিনূর)

খালেদা জিয়ার বৃটিশ আইনজীবীকে দিল্লীর বিমান বন্দর থেকে ফেরত পাঠিয়েছে ভারত

বাংলাদেশের বিএনপি নেত্রী খালেদা জিয়ার বৃটিশ আইনজীবী লর্ড কার্লাইলকে দিল্লীর বিমান বন্দর থেকেই ফেরত পাঠিয়েছে ভারত। তিনি খালেদা জিয়ার মামলা নিয়ে দিল্লীতে সংবাদ সম্মেলন করতে চেয়েছিলেন। বিস্তারিত জানাচ্ছেন কাদির কল্লোল:

বিএনপি নেত্রী খালেদা জিয়ার বৃটিশ আইনজীবী লর্ড কার্লাইল বুধবার রাতে দিল্লী বিমান বন্দরে পৌঁছান। তখন ইমিগ্রেশন কর্মকর্তারা তাকে জানায় যে ভারত সরকার তার ভিসা প্রত্যাহার করেছে। এরপর তাকে দিল্লীর বিমানবন্দর থেকেই লন্ডনের ফিরতি ফ্লাইটে তুলে দেওয়া হয় বলে দিল্লী থেকে বিবিসি বাংলার সংবাদদাতা জানিয়েছেন। তবে এ ব্যাপারে ভারতীয় কর্তপক্ষ থেকে আনুষ্ঠানিক কোন বক্তব্য পাওয়া যায়নি। এদিকে আজ দিল্লীতে একটি পাঁচতারা হোটেলে এক সংবাদ সম্মেলনে তার সাংবাদিকদের মুখোমুখি হওয়ার কথা ছিল। কিন্তু এখন লর্ড কার্লাইলের সেই সংবাদ সম্মেলন বাতিল করা হয়েছে বলে তার মিডিয়া টিম থেকে জানানো হয়েছে। দিল্লী থেকে সংবাদদাতা আরও জানিয়েছেন খালেদা জিয়ার বৃটিশ এই আইনজীবীর দিল্লী সফর নিয়ে বাংলাদেশ সরকার ভারতের কাছে তীব্র আপত্তি জানিয়ে আসছিল। দিল্লীর ফরেন করেসপনডেন্স ক্লাব তার শুক্রবারের নির্ধারিত সংবাদ সম্মেলন বাতিল করে দেওয়ার পরও তিনি দিল্লীতে একটি পাঁচতারা হোটেলে সংবাদ সম্মেলন করতে চেয়েছিলেন। বাংলাদেশে কারাবন্দী বিএনপি

নেত্রী খালেদা জিয়ার বিরুদ্ধে মামলা নিয়ে তিনি বক্তব্য তুলে ধরতে চেয়েছিলেন ঐ সংবাদ সম্মেলনে। কিন্তু শেষ পর্যন্ত ঐ বৃটিশ আইনজীবী ভারতে ঢুকতে পারলেন না এবং তার সংবাদ সম্মেলন বাতিল করা হয়েছে।
(বিবিসি: ০৭:৩০ ঘ. ১২/০৭/১৮ খালেদা/হেলাল)

বৃটেনে ইংরেজি ভাষায় পরীক্ষা নিয়ে বিভিন্ন দেশের পরীক্ষার্থীদের বিরুদ্ধে প্রতারণার অভিযোগ

প্রতি বছর উচ্চশিক্ষার জন্য যুক্তরাজ্যে পাড়ি জমায় উল্লেখযোগ্য সংখ্যক বাংলাদেশি শিক্ষার্থী। হিসাবে দেখা গেছে, গত বছরের চেয়ে এবার বাংলাদেশি শিক্ষার্থীদের আবেদনের পরিমাণ বেড়েছে কিন্তু দেশে শিক্ষার্থীদের বিরুদ্ধে ইংরেজি ভাষায় পরীক্ষা নিয়ে প্রতারণার অভিযোগ উঠেছে এ নিয়ে কি কোন চাপের মুখে পড়তে হচ্ছে বৃটেনে অবস্থানরত বাংলাদেশি শিক্ষার্থীরা। সহকর্মী সানজানা চৌধুরী জিজ্ঞেস করেছিলেন বৃটেনের অভিবাসী বিষয়ক আইনজীবী ব্যারিস্টার মনোয়ার হোসেনের কাছে।

মি. হোসেন: বিবিসি প্যানারোমা একটি প্রোগ্রাম ছিল সেখানে অনেক পরীক্ষার্থীরা proxy test দিয়েছে। অর্থাৎ একজনের পরীক্ষা আরেকজন দিয়েছে। আবার ইন্টারভিউতে কলেজ কর্তৃপক্ষ স্বীকার করেছেন যে তারা টাকা নিয়ে পাস করিয়ে দিচ্ছে। এই ঘটনার পর কর্তৃপক্ষের টনক নড়েছে এবং যারা ডুয়েট পরীক্ষা দিয়েছে সবার আবেদনপত্রই তারা আটকে দিয়েছে। অনেককেই তারা ডিটেইন করেছে।

বিবিসি: যেসব বাংলাদেশি শিক্ষার্থীদের বিরুদ্ধে এই অভিযোগ উঠেছে তাদের বিরুদ্ধে বৃটিশ সরকার কী ব্যবস্থা নিতে পারে। আর সেক্ষেত্রে শিক্ষার্থীদের করণীয় কি?

মি. হোসেন: এই এলিগেশনের আপিল করেছে এবং সাকসেসফুল হয়েছে। আবার অনেকে হয়নি।

বিবিসি: যারা সাকসেসফুল হয়নি তাদের বিরুদ্ধে বৃটিশ সরকার কী ধরনের ব্যবস্থা নিতে পারে। আর এতে কি প্রকৃত শিক্ষার্থীরা ক্ষতির মুখে পড়বে।

মি. হোসেন: নির্দেশে যারা তারাতো অবশ্যই ভুক্তভোগী তাদেরকেও অনেক সমস্যায় পড়তে হয়েছে।

বিবিসি: এ অবস্থায় কী বৃটিশ সরকার বাংলাদেশ থেকে শিক্ষার্থী নেওয়া কমিয়ে দিতে পারে?

মি. হোসেন: না, সেরকম কিছু হবে না। কারণ সরকার অনেক একশন নিয়েছে যেটা সরকারও বুঝতে পারছে। আমার মনে হয় আসলে আরও সুযোগ বাড়বে। (বিবিসি: ০৭:৩০ ঘ. ১২/০৭/১৮ আছাদ/নারগীস/হেলাল)

ট্রাম্প ন্যাটোর সদস্য দেশগুলোকে এখনকার তুলনায় দ্বিগুণ অর্থ দেয়ার দাবি জানিয়েছেন

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ন্যাটোর প্রতিরক্ষা ব্যয়ের জন্য এর সদস্য দেশগুলোকে এখনকার তুলনায় দ্বিগুণ অর্থ দেয়ার দাবি জানিয়েছেন। ব্রাসেলসে এই জোটের সম্মেলনে তিনি বলেছেন আগের প্রতিশ্রুতি অনুযায়ী সদস্যদেশগুলোকে তার অর্থনীতির ২ দশমিক ১ শতাংশ অর্থ দেওয়া এখন শুরু করতে হবে। তিনি এই অর্থের পরিমাণ ৪ দশমিক ২ শতাংশ করার দাবি করেছেন। (বিবিসি: ০৭:৩০ ঘ.১২/০৭/১৮খালেদা/হেলাল)

বৃহস্পতিবার শুরু হচ্ছে বাংলাদেশ ও ওয়েস্ট ইন্ডিজের দ্বিতীয় টেস্ট ম্যাচ

বৃহস্পতিবার থেকে কিংস্টনে মাঠে গড়াতে যাচ্ছে ওয়েস্ট ইন্ডিজ ও বাংলাদেশের মধ্যকার দুই ম্যাচ সিরিজের দ্বিতীয় ও শেষ টেস্ট ম্যাচ। প্রথম টেস্টে হারের পর দ্বিতীয় টেস্টে ঘুরে দাঁড়াতে মরিয়া সাকিব আল হাসানরা। তার এ টেস্টের আগে বাংলাদেশ দলে কিছুটা হলেও স্বস্তি হ্যামস্ট্রিং চোটে পরায় এ ম্যাচে খেলছেন না ক্যারিবীয় পেসার কেমার রোচ। প্রথম টেস্টে মাত্র পাঁচ ওভার বল করে আট রান দিয়ে পাঁচ উইকেট নিয়ে বাংলাদেশের ব্যাটিং লাইন আজ প্রায় একাই গুটিয়ে দিয়েছিলেন এ পেসার। তার পরিবর্তে ইঞ্জুরি কাটিয়ে সাত মাস পর দলে ঢুকেছেন একুশ বছর বয়সী পেসার আজারি জোসেফ। এছাড়া তো সদস্যের দলে আর কোনো পরিবর্তন করেনি সিরিজে ১-০ তে এগিয়ে থাকা ওয়েস্ট ইন্ডিজ। স্ত্রীর অসুস্থতায় তার পাশে থাকতে ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে ওয়ানডে সিরিজ থেকে নিজের নাম প্রত্যাহার করে নিতে পারেন বাংলাদেশ ওয়ানডে অধিনায়ক মাশরাফি বিন মর্তুজা। এমনটাই আভাস দিয়েছেন জাতীয় দলের প্রধান নির্বাচক মিনহাজুল আবেদীন নান্নু। তবে, শেষ মুহূর্তে ২২ জুলাই থেকে শুরু হতে যাওয়া ওয়ানডে সিরিজে যদি মাশরাফি ওয়েস্ট ইন্ডিজ না যায় শেষ মুহূর্তে তার বিকল্পের ব্যাপারেও কথা বলেছেন এ নির্বাচক।
(বিবিসি: ১৯:৩০ ঘ. ১১/০৭/১৮ সোনিয়া/আশরাফ)

প্রথমবারের মতো বিশ্বকাপের ফাইনালে উঠল ক্রোয়েশিয়া

ইংল্যান্ডের ২-১ গোলে হারিয়ে রাশিয়া বিশ্বকাপের ফাইনালে উঠে গেল ক্রোয়েশিয়া। ম্যাচের শুরুতেই গোল করে এগিয়ে দিয়েছিল ইংল্যান্ড। দ্বিতীয়ার্ধের ৬৮ মিনিটে সমতা ফেরায় ক্রোয়েশিয়া। নির্ধারিত সময়ে ১-১ গোলে ড্র থাকার পর অতিরিক্ত সময়ের ১০৯-তম মিনিটে গোল করে এগিয়ে যায় ক্রোয়েশিয়া। ১৫ই জুলাই ফাইনালে ফ্রান্সের মুখোমুখি হবে ক্রোয়েশিয়া। (বিবিসি: ০৭:৩০ ঘ. ১২/০৭/১৮ আছাদ/হেলাল)

গুহা থেকে উদ্ধার পাওয়া ১২ জন কিশোর ফুটবলার হাসপাতালের নিবিড় পর্যাবেক্ষণে

গুহা থেকে শ্বাসরুদ্ধকর উদ্ধারের ঘটনার পর হাসপাতালে চিকিৎসাধীন থাই কিশোর ফুটবলারদের ভিডিও প্রকাশ করা হয়েছে। হাসপাতাল থেকে এই প্রথম প্রকাশ করা ভিডিওতে দেখা যাচ্ছে ১২ জন কিশোর ফুটবলার হাসপাতালের নিবিড় পর্যবেক্ষণ কক্ষে পাশাপাশি বিছানায় বসে বা শুয়ে আছে। তাদের একজন ক্যামেরা দেখে বিজয় সূচক ভি চিহ্ন দেখিয়েছে। (বিবিসি: ০৭:৩০ ঘ. ১২/০৭/১৮ খালেদা/হেলাল)

ভয়েস অফ আমেরিকা

পররাষ্ট্র সচিব শহীদুল হক ও মার্শা বার্নিকাটের মধ্যে বৈঠক অনুষ্ঠিত

বাংলাদেশের পররাষ্ট্র সচিব এম শহীদুল হক ও ঢাকাস্থ যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত মার্শা বার্নিকাটের মধ্যে ঘণ্টাব্যাপী বৈঠক হয়েছে। তবে বৈঠক সম্পর্কে কোন পক্ষ থেকে স্পষ্ট কিছু জানানো হয়নি। ঢাকা থেকে মতিউর রহমান চৌধুরীর বার্তা: রাষ্ট্রীয় অতিথি ভবনে অনুষ্ঠিত এ আকস্মিক বৈঠক সম্পর্কে কোন মহল থেকে স্পষ্ট কিছু জানানো হয়নি। শুধু রাষ্ট্রদূত বার্নিকাট কোন প্রশ্ন না করার শর্তে সাংবাদিকদের বলেন, বাংলাদেশের সঙ্গে যুক্তরাষ্ট্রের সম্পর্ক গতকাল যেমন ছিল, তেমনি রয়েছে। ঢাকার বিদেশ মন্ত্রণালয় থেকে এ ব্যাপারে কোন মন্তব্য করা হয়নি। সাম্প্রতিককালে বাংলাদেশের চলমান রাজনৈতিক পরিস্থিতি ও আসন্ন নির্বাচন নিয়ে রাষ্ট্রদূত কিছু মন্তব্য করেন যা নিয়ে সরকারি মহলে প্রতিক্রিয়া হয়। রাষ্ট্রদূত বলেন, বাংলাদেশে অবাধ, সুষ্ঠু ও বিশ্বাসযোগ্য নির্বাচন দেখতে চায় যুক্তরাষ্ট্র। এরই জেরে প্রধানমন্ত্রীর তথ্য-প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয় এক ফেসবুক স্ট্যাটাসে রাষ্ট্রদূতের কড়া সমালোচনা করেন। বলেন, মার্কিন দূতাবাস বিএনপি'র মুখপাত্রে পরিণত হয়েছে। রাষ্ট্রদূত যা বলেছেন তা স্টেট ডিপার্টমেন্টের বক্তব্য নয়। একদিন পরেই স্টেট ডিপার্টমেন্টের একজন মুখপাত্র বলেন, রাষ্ট্রদূত বার্নিকাট যা বলেছেন তা তার নিজের নয়, স্টেট ডিপার্টমেন্টের অবস্থানই তিনি তুলে ধরেছেন। ওদিকে, পররাষ্ট্রমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী ধর্মীয় স্বাধীনতা বিষয়ক একটি বৈঠকে যোগ দিতে এ মাসেই ওয়াশিংটন যাচ্ছেন। (ভোয়া: ২২০০ ঘ. ১১-০৭-১৮ ফারুক/সজীব)

সন্দেহভাজন আরও পাঁচ মাদক ব্যবসায়ী বন্দুকযুদ্ধে নিহত

বাংলাদেশে বিভিন্ন স্থানে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী এবং নিজেদের মধ্যে কথিত বন্দুকযুদ্ধে মঙ্গলবার গভীর রাত এবং বুধবার ভোরে সংঘটিত বন্দুকযুদ্ধে অন্তত: পাঁচজন সন্দেহভাজন মাদক ব্যবসায়ী নিহত হন। ঢাকা থেকে জহুরুল আলম : বন্দুকযুদ্ধে পাঁচ মাদক ব্যবসায়ী নিহত হন। এর মধ্যে কুষ্টিয়া জেলায় দুইজন এবং নাটোর, যশোর ও লক্ষ্মীপুর জেলায় একজন করে নিহত হয়েছে। নিহতদের মধ্যে তিনজন র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন, র‍্যাব এবং বাকি একজন পুলিশের সঙ্গে বন্দুকযুদ্ধে নিহত হয়েছে বলে ঘটনাস্থলগুলো থেকে সংবাদদাতারা জানিয়েছেন। অপর একজন দুই দল মাদক ব্যবসায়ীর মধ্যে বন্দুকযুদ্ধে নিহত হয়েছে বলে পুলিশ দাবি করেছে। র‍্যাব এবং পুলিশ ঘটনাস্থলগুলো থেকে মাদক, অস্ত্র এবং গোলাবারুদ উদ্ধার করেছে বলে সাংবাদিকদের জানিয়েছে। মানবাধিকার সংস্থাগুলোর দেওয়া তথ্য মতে, মে মাসের শেষভাগে শুরু হওয়া মাদকবিরোধী অভিযানে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী এবং নিজেদের মধ্যে কথিত বন্দুকযুদ্ধে এ পর্যন্ত দুই শতাধিক সন্দেহভাজন মাদক ব্যবসায়ী নিহত হয়েছে।
(ভোয়া: ২২০০ ঘ. ১১-০৭-১৮ ফারুক/সজীব)

রেডিও তেহরান

ইসলাম সম্পর্কে ভুল, বিভ্রান্তি ছড়ানো থেকে সবাইকে সতর্ক থাকার আহ্বান প্রধানমন্ত্রীর

বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা ইসলাম সম্পর্কে বিভ্রান্তি ছড়ানো থেকে সবাইকে সতর্ক থাকার আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, কিছু লোক নিজস্ব স্বার্থে ইসলামের ভুল ব্যাখ্যা দিয়ে আমাদের জন্য ও সমগ্র মুসলিম সম্প্রদায়ের জন্য সমস্যা সৃষ্টি করছে। ঢাকা থেকে বিস্তারিত জানাচ্ছেন আমাদের বিশেষ প্রতিনিধি আবদুর রহমান খান: বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা ইসলাম সম্পর্কে ভুল, বিভ্রান্তি ছড়ানো থেকে সবাইকে সতর্ক থাকার আহ্বান জানিয়েছেন। আজ বুধবার সকালে রাজধানীর আশকোনা হজ ক্যাম্পে কার্যক্রম ২০১৮ এর উদ্বোধন এবং হজ যাত্রীদের সাথে শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠানে শেখ হাসিনা বলেছেন, ধর্মের শিক্ষা মানুষের কাছে যেন উচ্চ আসনে থাকে সেটা প্রতিষ্ঠা করাই আমাদের লক্ষ্য কিন্তু কিছু লোক নিজস্ব স্বার্থে ইসলামের ভুল ব্যাখ্যা দিয়ে আমাদের জন্য, সমগ্র মুসলিম সম্প্রদায়ের জন্য সমস্যার সৃষ্টি করছে। জঙ্গি ও সন্ত্রাসের বিরুদ্ধে তার সরকারের জিরো টলারেন্স নীতির উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, পবিত্র ইসলাম শান্তির ধর্ম এবং এই ধর্মেই আছে সকল ধর্মের মানুষ স্বাধীনভাবে নিজ নিজ ধর্ম পালন করবে। আমাদের নবী করিম (সাঃ) সে কথা বারবার বলে গেছেন। কিন্তু তারপরেও কিছু কিছু মানুষের অপকর্মের জন্য ইসলামকে অবমাননা করা হয়। সে অধিকার কারও নেই, (স্বকণ্ঠে): ইসলাম ধর্ম শান্তির ধর্ম, ইসলাম শান্তিতে বিশ্বাস করে এবং ইসলাম ধর্মই মানুষের অধিকারের কথা, মানুষের জীবনমান উন্নয়নের কথা বারবার বলেছে।

অথচ কিছু কিছু মানুষ এই ধর্মের নাম দিয়ে যখন কোন সন্ত্রাসী কর্মকাণ্ড বা জঙ্গিবাদের সৃষ্টি করে তখন সারাবিশ্বের কাছে আমাদের ধর্ম প্রশ্নবিদ্ধ হয়। শুধু প্রশ্নবিদ্ধ হয় না, আমরা মুসলমানরা বাইরে গেলে অনেক সমস্যাও আমাদেরকে ভোগ করতে হয়। শেখ হাসিনা এ সময় বঙ্গবন্ধুর ভাষণের একটি উদ্ধৃতি দিয়ে ইনসাফের ইসলাম কায়েমের জন্য সকলের প্রতি আহ্বান জানান। (রেডিও তেহরান: ২০৩৫ঘ. ১১/০৭/১৮এলিনা/নারগীস)

বিএনপি আগামীতে ক্ষমতায় গেলে দেশ একদিনেই হাওয়া ভবনে রূপান্তরিত হবে: ওবায়দুল কাদের

বাংলাদেশ আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের তার ভাষায় বলেছেন, আগামীতে বিএনপি ক্ষমতায় গেলে একদিনেই বাংলাদেশ হাওয়া ভবনে রূপান্তরিত হবে। আজ রাজধানীর গুলশানে দলের নারী নেতৃত্বের উপর আয়োজিত এক কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। গতকাল জাতীয় প্রেসক্লাবে এক অনুষ্ঠানে বিএনপি'র মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর সরকরের উদ্দেশ্যে বলেছিলেন, একদিনের জন্যে ক্ষমতা ছেড়ে দিন। দেখুন কী অবস্থা হয় দেশের। বিএনপি মহাসচিবের এমন বক্তব্যের জবাবে ওবায়দুল কাদের বলেন একদিনের জন্যে বিএনপি'র হাতে ক্ষমতা ছেড়ে দিলে বাংলাদেশ রসাতলে যাবে।
(রেডিও তেহরান: ২০৩৫ঘ. ১১/০৭/১৮ এলিনা/হেলাল)

বাংলাদেশে স্বাধীন ও দৃঢ়চেতা নির্বাচন কমিশন প্রয়োজন: ইউরোপী পার্লামেন্ট সদস্যদের অভিমত

বাংলাদেশের আসন্ন নির্বাচন অবাধ, সুষ্ঠু ও অংশগ্রহণমূলক করার জন্য স্বাধীন ও দৃঢ়চেতা নির্বাচন কমিশনের পাশাপাশি শান্তিপূর্ণ প্রচার, মতপ্রকাশ ও ভোটারদের পছন্দ অনুযায়ী সিদ্ধান্ত নেয়ার সুযোগ নিশ্চিত করা উচিত। গতকাল ব্রাসেলসে ইউরোপীয় পার্লামেন্টের কয়েকজন সদস্য এ অভিমত প্রকাশ করেছেন। এ নিয়ে জানাচ্ছেন ঢাকা থেকে আমাদের বিশেষ প্রতিনিধি আবদুর রহমান খানের প্রতিবেদন:
বাংলাদেশের আসন্ন নির্বাচন অবাধ, সুষ্ঠু ও অংশগ্রহণমূলক করার জন্য স্বাধীন ও দৃঢ়চেতা নির্বাচন কমিশন প্রয়োজন। আরও প্রয়োজন সবার শান্তিপূর্ণ প্রচার ও মতামত প্রকাশ এবং ভোটারদের পছন্দ অনুযায়ী সিদ্ধান্ত নেয়ার সুযোগ নিশ্চিত করা। গতকাল মঙ্গলবার ব্রাসেলসে ইউরোপীয় পার্লামেন্টের কয়েকজন সদস্য বাংলাদেশের নির্বাচন সম্পর্কিত আলোচনায় এই অভিমত প্রকাশ করে বলেছেন, দেশটির উন্নয়নের ধারা অব্যাহত রাখতে এগুলো খুবই গুরুত্বপূর্ণ। ইউরোপীয় পার্লামেন্টের বাংলাদেশ বিষয়ক গ্রুপের প্রধান মিজ জাল্যাম্বার্ড সাম্প্রতিককালে বিভিন্ন নির্বাচনে সহিংসতা সৃষ্টিকারী সকলের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়ার আহ্বান জানান। এক্ষেত্রে তিনি দলীয় যুবগোষ্ঠীগুলোর কথা বিশেষভাবে উল্লেখ করেন। মিজ ল্যাম্বার্ড বাংলাদেশে শান্তিপূর্ণ প্রতিবাদের অধিকার নিশ্চিত করারও আহ্বান জানান। এ প্রসঙ্গে বিএনপি'র নেতৃত্বাধীন বাংলাদেশের প্রধান বিরোধী রাজনৈতিক জোটের শরিক বাংলাদেশ কল্যাণ পার্টির চেয়ারম্যান সৈয়দ মোহাম্মদ ইব্রাহিম রেডিও তেহরানকে বলেন, (স্বকণ্ঠে): ইউরোপিয়ান ইউনিয়ন যে বক্তব্য দিয়েছেন, এই বক্তব্যটা ভদ্রলোকের বক্তব্য। আমরা যা বলে যাচ্ছি এটা ভদ্রলোকের বক্তব্য। কিন্তু যাদের উদ্দেশ্যে কথাগুলো বলা অর্থাৎ বর্তমানে ক্ষমতাসীন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার তারা রাজনৈতিক ভদ্রতা থেকে একটু দূরে আছেন এবং পৃথিবীর যে গ্রহণযোগ্য রাজনৈতিক ভদ্রতার সীমারেখা সেটা তারা ক্রস করে ফেলেছেন। যে জন্য এখন থেকে কিছু দিন পূর্বে এটাকে স্বৈরতান্ত্রিক দেশ হিসেবে চিহ্নিত করা হয়েছিল। অতএব স্বৈরতান্ত্রিক দেশের কাছ থেকে গণতান্ত্রিক আচরণ আশা করা ঠিক না। আমি ইউরোপিয়ান ইউনিয়নকেও বলব স্বৈরতান্ত্রিক দেশ থেকে কেমনে গণতান্ত্রিক আচরণ বের করেন তার জন্য ভিন্ন উপায় বের করতে হবে। যেই নিয়মে অন্যান্য দেশে কাজ হয় সেই নিয়মে বাংলাদেশে কাজ হবে না। এছাড়া, আজ ঢাকায় প্রকাশিত এক খবরে বলা হয়েছে, ইউরোপীয় পার্লামেন্টে কনজারভেটিভ পার্টির পররাষ্ট্র ও মানবাধিকার বিষয়ক মুখপাত্র চার্লস কেনকেন উদ্যোগে ব্রাসেলসে আয়োজিত সভায় বাংলাদেশের ক্ষমতাসীন আওয়ামী লীগের একটি বড় প্রতিনিধি দল অংশ নেয়। এর নেতৃত্ব দেন প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা এইচ.টি.ইমাম। ইউরোপীয় পার্লামেন্টের একটি কমিটি কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। এ আলোচনায় বিএনপি আমন্ত্রিত হলেও উদ্যোক্তার বিরুদ্ধে অতীতে আওয়ামী লীগের প্রতি পক্ষপাতের অভিযোগ তুলে সভায় অংশগ্রহণ না করার কথা তারা আগেই জানিয়ে দেন। সভায় দক্ষিণ এশিয়ার সন্ত্রাসবাদ বিষয়ে বিশেষজ্ঞ ক্রেটউলফ বাংলাদেশের ধর্মীয় উগ্রপন্থা বিস্তারের জন্য জামায়াতে ইসলামীদের দায়ী করে বলেন, রাজনৈতিক দল হিসেবে এই দলটি নির্বাচন কমিশনে নিবন্ধিত না হলেও আগামী নির্বাচনে তারা প্রভাব ফেলবে। তিনি মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়গুলোতে জঙ্গিবাদের বিস্তার ঘটছে বলেও দাবি করেন।
(রেডিও তেহরান: ২০৩৫ঘ. ১১/০৭/১৮ এলিনা/নারগীস)

পাকিস্তানের পেশোয়ারে ANP'র এক সমাবেশে আত্মঘাতী বোমা হামলায় ১৩ ব্যক্তি নিহত

পাকিস্তানের উত্তর পশ্চিমাঞ্চলীয় পেশোয়ার শহরে আওয়ামী ন্যাশনাল পার্টি বা পেশোয়ারে ANP'র এক নির্বাচনী সমাবেশে আত্মঘাতী বোমা হামলায় দলটির একজন প্রভাবশালী প্রার্থীসহ অন্তত ১৩ ব্যক্তি নিহত হয়েছেন। আগামী

২৫শে জুলাই পাকিস্তানে অনুষ্ঠেয় সাধারণ নির্বাচনকে সামনে রেখে ঐ নির্বাচনী জনসভার আয়োজন করা হয়েছিল। নির্বাচনকে সামনে রেখে দেশে সন্ত্রাসী হামলা হতে পারে বলে পাকিস্তানের সেনা মুখপাত্র এক ঘোষণা দেয়ার কয়েক ঘণ্টা পর মঙ্গলবার পেশোয়ারে ঐ হামলা হয়। আওয়ামী ন্যাশনাল পার্টি নির্বাচনে জয়ী হলে তালেবানের মত উগ্র জঙ্গি গোষ্ঠীগুলোর বিরুদ্ধে কঠোর পদক্ষেপ নেয়ার আশ্বাস দিয়েছে। খাইবার পাখতুনখোয়া প্রদেশের রাজধানী পেশোয়ারের পুলিশ প্রধান কাজী জামিল বলেছেন, আত্মঘাতী বোমা হামলায় রাজনীতিবিদ হারুন বিলোরসহ ১৩জন নিহত ও অত্যন্ত ৫৪জন আহত হয়েছেন। (রেডিও তেহরান: ২০৩৫ঘ. ১১/০৭/১৮ এলিনা/নারগীস)

রেডিও জাপান

জাপানে বন্যা ও ভূমি ধসে এ পর্যন্ত ১৭৫ জনের মৃত্যু হয়েছে

জাপানের কর্মকর্তা জানিয়েছেন সে দেশের পশ্চিমাঞ্চলে রেকর্ড বৃষ্টিপাতের ফলে বন্যা ও ভূমি ধসে মৃত্যের সংখ্যা আজ সন্ধ্যে সাড়ে সাতটা পর্যন্ত ১৭৫ জনে দাঁড়িয়েছে। হিরোশিমা জেলাটি সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে। সেখানে ৭১ জন মৃত্যুবরণ করেছেন। ৮৭ জন নিখোঁজ বলে কর্তৃপক্ষ জানিয়েছে।
(রে. জাপান: ২১:০০ ঘ. ১১/০৭/১৮ আছাদ/হেলাল)

রেডিও এবিসি

দুই মামলায় খালেদা জিয়ার জামিন আবেদন

বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার বিরুদ্ধে করা পৃথক দু'টি মামলায় জামিন চেয়ে তার আইনজীবীরা ঢাকা মহানগর দায়রা জজ আদালতে আবেদন করেছেন। মানহানী ও ভুয়া জন্মদিন পালনের অভিযোগ করা এই দুই মামলায় বুধবার সকালে জামিনের আবেদন করা হয়। (রেডিও এবিসি: ১৫:০০ঘ. ১১/০৭/১৮ সাইফুর/আলি)

বাংলাদেশে স্বাধীন ও দৃঢ়চেতা নির্বাচন কমিশন প্রয়োজন:ইউরোপীয় পার্লামেন্টের কয়েকজন সদস্য

বাংলাদেশে আসন্ন নির্বাচন অবাধ, সুষ্ঠু এবং অংশগ্রহণমূলক করার জন্য স্বাধীন এবং দৃঢ়চেতা নির্বাচন কমিশন প্রয়োজন। আরও প্রয়োজন সবার শান্তিপূর্ণ প্রচার, মতপ্রকাশ এবং ভোটারদের পছন্দ অনুযায়ী সিদ্ধান্ত নেয়ার সুযোগ নিশ্চিত করা। মঙ্গলবার ব্রাসেলসে ইউরোপীয় পার্লামেন্টে কয়েকজন সদস্য বাংলাদেশের নির্বাচন সম্পর্কিত আলোচনায় এই অভিমত প্রকাশ করেন। (রেডিও এবিসি: ১৫:০০ঘ. ১১/০৭/১৮ সাইফুর/আলি)

ভারতের স্বরাষ্ট্রমন্ত্রী আগামী শুক্রবার ঢাকায় আসছেন

ভারতের স্বরাষ্ট্রমন্ত্রী রাজনাথ সিং তিনদিনের সফরে আগামী শুক্রবার ঢাকায় আসছেন। সফরে সন্ত্রাস দমন বিষয়ক সহযোগিতা তরুণদের উগ্রপন্থায় দিক্ষিত করতে সন্ত্রাসী গোষ্ঠীগুলোর চেষ্টা এবং রোহিঙ্গাসহ বিভিন্ন বিষয় তিনি আলোচনায় অংশ নেবেন। (রেডিও এবিসি: ১৫:০০ঘ. ১১/০৭/১৮ সাইফুর/আলি)

যুক্তরাষ্ট্রে এক বাংলাদেশি ছাত্রের মৃত্যু

যুক্তরাষ্ট্রের ফ্লোরিডা অঙ্গরাজ্যে তানভিরুল আরেফীন নামের এক বাংলাদেশি ছাত্রের মৃত্যু হয়েছে। তার লাশ বাথটবে পড়েছিল আর ঝর্না দিয়ে পানি পড়ছিল। তানভিরুল সাউথ ফ্লোরিডা ইউনিভার্সিটির কম্পিউটার সায়েন্স বিভাগের তৃতীয় বর্ষের ছাত্র ছিলেন। (রেডিও এবিসি: ১৫:০০ঘ. ১১/০৭/১৮ সাইফুর/আলি)

একাদশ জাতীয় নির্বাচনে বিএনপি অংশ নেবে বলে মনে করছে আওয়ামী লীগ

দশম জাতীয় সংসদ নির্বাচনে বিএনপি অংশ না নেয়ায় অনেকটা নির্ভার থেকে নির্বাচন করছে ক্ষমতাসীন আওয়ামী লীগ। একাদশ জাতীয় সংসদ নির্বাচনে বিএনপি অংশ নেবে এটি ধরে নিয়ে এখন থেকে মাঠ গুছাতে শুরু করেছেন তারা। বিএনপি এলে আগামী নির্বাচন প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ হবে এবং এক্ষেত্রে দলের গুছানো তৃণমূল দলকে ভূমিকায় রাখবে বলে মনে করছে আওয়ামী লীগের নীতি-নির্ধারকেরা। (রেডিও এবিসি: ১৫:০০ঘ. ১১/০৭/১৮সাইফুর/আলি)

রেডিও টুডে

কিছু মানুষ জঙ্গি কার্যক্রম করে ধর্মকে প্রশ্নবিদ্ধ করার ষড়যন্ত্র করছে: প্রধানমন্ত্রী শেখ হাসিনা

কিছু মানুষ জঙ্গি কার্যক্রম করে ধর্মকে প্রশ্নবিদ্ধ করার ষড়যন্ত্র করছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সকালে রাজধানীর আশকোনায় হজ যাত্রা কার্যক্রম ২০১৮ এর উদ্বোধন করে তিনি একথা বলেন। হজ ব্যবস্থাপনায় আগের সব অনিয়ম দূর হয়েছে উল্লেখ করে প্রধানমন্ত্রী আরও বলেন, হজ যাত্রীদের কষ্ট লাঘবে কাজ করছেন সরকার।
(রেডিও টুডে: ১৩:৪৫ঘ. ১১/০৭/১৮ সাইফুর/আলি)

খালেদা জিয়াকে ছাড়া নির্বাচন হবে কি না সেজন্য অক্টোবর পর্যন্ত অপেক্ষা করতে হবে

বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়াকে ছাড়া আগামী নির্বাচন হবে কি না সে জন্য আগামী অক্টোবর পর্যন্ত অপেক্ষা করতে হবে বলে জানিয়েছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। আজ রাজধানীর একটি হোটেলে অ্যাডভান্স উইমেন্স লেডারশিপ ইন পলিটিক্স শীর্ষক দু'দিনের কর্মশালার উদ্বোধন অনুষ্ঠানে তিনি একথা বলেন। (রেডিও টুডে: ১৩:৪৫ঘ. ১১/০৭/১৮ সাইফুর/আলি)

১১দিন ধরে বেগম জিয়ার সাথে কাউকে দেখা করতে দেয়া হচ্ছে না: মির্জা ফখরুল

এগারদিন ধরে কারাগারে বেগম খালেদা জিয়ার সাথে তার স্বজনদের দেখা করতে দেয়া হচ্ছে না বলে অভিযোগ করেছেন বিএনপি'র মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। সকালে নয়াপল্টনে দলের কেন্দ্রীয় কার্যালয়ে এক সাংবাদিক সম্মেলনে তিনি এই অভিযোগ করেন। এসময় অবিলম্বে খালেদা জিয়াকে মুক্তি দিয়ে দেশের গণতন্ত্র ফিরিয়ে আনার দাবি জানান বিএনপি মহাসচিব। (রেডিও টুডে: ১৩:৪৫ঘ. ১১/০৭/১৮ সাইফুর/আলি)

আদালতের নির্দেশ ছাড়া মুক্তিযোদ্ধা কোটা পরিবর্তনের কোন সুযোগ নেই: আ.ক.ম. মোজাম্মেল হক

সরকারি চাকরিতে থাকা মুক্তিযোদ্ধা কোটায় হস্তক্ষেপ করা হবে না জানিয়ে মুক্তিযোদ্ধা বিষয় মন্ত্রী আ.ক.ম. মোজাম্মেল হক বলেছেন, আদালতের নির্দেশ ছাড়া মুক্তিযোদ্ধা কোটা পরিবর্তন সম্ভব নয়। তবে, জেলাসহ অন্যান্য কোটা পরিবর্তন সম্ভব। আজ সচিবালয়ে তথ্য অধিদপ্তরের সম্মেলন কক্ষে আয়োজিত সাংবাদিক সম্মেলনে তিনি একথা বলেন। (রেডিও টুডে: ১৩:৪৫ঘ. ১১/০৭/১৮ সাইফুর/আলি)

নিরাপদ ক্যাম্পাসের দাবিতে ঢাবিতে মানববন্ধন করেছে শিক্ষার্থীরা

নিরাপদ ক্যাম্পাসের দাবিতে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে মানববন্ধন করেছে সাধারণ শিক্ষার্থীরা। কোটা সংস্কার আন্দোলনের যে সকল নেতাকে গ্রেফতার করা হয়েছে তাদের মুক্তিরও দাবি করেছেন শিক্ষার্থীরা। এদিকে, বাংলাদেশ সাধারণ ছাত্র অধিকার সংরক্ষণ পরিষদের যুগ্ম আহ্বায়ক ও সমাজ বিজ্ঞান বিভাগের দ্বিতীয় বর্ষের ছাত্র মশিউর রহমানের মুক্তির দাবিতে ক্লাস রুমে তালা ঝুলিয়ে দেন বিভাগের শিক্ষার্থীরা। সকাল ৯টা থেকে বিভাগের সামনে অবস্থান নিয়েছেন সমাজ বিজ্ঞান বিভাগের শিক্ষার্থীরা। তারা বলেন, মশিউরের মুক্তি না হওয়া পর্যন্ত ক্লাস পরীক্ষা বর্জন করবেন তারা।(রেডিও টুডে: ১৩:৪৫ঘ. ১১/০৭/১৮ সাইফুর/আলি)

তিন সিটিতে প্রচার চালাচ্ছেন প্রার্থীরা

আগামী ৩০শে জুলাই অনুষ্ঠেয় রাজশাহী, সিলেট ও বরিশাল সিটি করপোরেশন নির্বাচনকে সামনে রেখে দ্বিতীয় দিনের মত প্রচারণা চালাচ্ছেন তিন সিটির মেয়র, কাউন্সিলর প্রার্থী এবং তাদের কর্মী সমর্থকেরা। বরিশালে নির্বাচনী প্রচার প্রচারণায় বাধা দেয়া হচ্ছে বলে অভিযোগ করেছেন বিএনপি'র মেয়র প্রার্থী মজিবুর রহমান সরোয়ার। তবে তার এই অভিযোগ নাকচ করে দিয়ে আওয়ামী লীগ প্রার্থী সেরনিয়াবাদ সাদিক আব্দুল্লাহ বলেছেন, আওয়ামী লীগের পক্ষে জনসমর্থন দেখে আগেভাগেই অপপ্রচার শুরু করেছে বিএনপি। সকালে নগরীতে নির্বাচনী প্রচারণায় নেমে তারা এসব অভিযোগ করেন। রাজশাহীতেও নির্বাচনী প্রচারে বাধা দেয়ার অভিযোগ করেছেন বিএনপি'র মেয়র প্রার্থী মোসাদ্দেক হোসেন বুলবুল যদিও তার এই অভিযোগ নাকচ করে দিয়েছেন আওয়ামী লীগ মেয়র প্রার্থী এ.এইচ.এম. খায়রুজ্জামান লিটন। সকালে নগরীর সাহেব বাজার এলাকা থেকে গণসংযোগ শুরু করেন তিনি। আর কাশিয়াডাঙ্গা এলাকা থেকে গণসংযোগ শুরু করেন বিএনপি'র প্রার্থী মোসাদ্দেক হোসেন বুলবুল।(রেডিওটুডে:১৩:৪৫ঘ.১১/০৭/১৮সাইফুর/আলি)

সিলেটে নাগরিক সমাবেশে যোগ দিয়েছেন আওয়ামী লীগ ও বিএনপি'র প্রার্থী

সিলেটে নাগরিক সংগঠন সুশাসনের জন্য নাগরিক সুজন আয়োজিত এক নির্বাচনী সংলাপে যোগ দিয়েছেন আওয়ামী লীগের মেয়র প্রার্থী বদর উদ্দীন আহমেদ কামরান ও বিএনপি'র প্রার্থী আরিফুল হক চৌধুরী।
(রেডিও টুডে: ১৩:৪৫ঘ. ১১/০৭/১৮ সাইফুর/আলি)

বাদল ফরায়েজির রিট খারিজ

তিনটি হত্যা মামলায় ভারতের কারাগারে প্রায় ১০ বছর বন্দী থাকার পর সম্প্রতি দেশে ফিরিয়ে আনা বাদল ফরায়েজির কারা মুক্তির নির্দেশনা চেয়ে দায়ের করা রিট উত্থাপিত হয়নি মর্মে খারিজ করে দিয়েছেন হাইকোর্ট। বিচারপতি জে.বি.এম. হাসান ও বিচারপতি মোঃ খায়রুল আলমের সমন্বয়ে গঠিত হাইকোর্টের দ্বৈত বেঞ্চ সকালে এই আদেশ দেন। এর আগে ভারতের কারাগারে প্রায় ১০ বছর বন্দী থাকার পর দেশে ফিরিয়ে আনা বাদল ফরায়েজিকে কারামুক্ত করতে গত ৮ই জুলাই হাইকোর্ট রিট দায়ের করা হয়। হাইকোর্টের দুই আইনজীবী হুমায়ুন কবির পল্লব ও ব্যারিস্টার মোঃ কাওসার হাইকোর্টের সংশ্লিষ্ট শাখায় রিটটি দায়ের করেন। এতে স্বরাষ্ট্র সচিব, আইন সচিব, পররাষ্ট্র সচিব ও আইজি প্রিজনকে বিবাদী করা হয়। (রেডিও টুডে: ১৩:৪৫ঘ. ১১/০৭/১৮সাইফুর/আলি)

সারাদেশে মাদক বিরোধী অভিযানে পাঁচজন নিহত

সারাদেশে আইন-শৃঙ্খলা বাহিনীর মাদক বিরোধী অভিযানে পাঁচজন নিহত হয়েছে। এর মধ্যে কুষ্টিয়ায় দু'জন আর লক্ষ্মীপুর, নাটোর ও ঢাকার কেরানীগঞ্জে একজন করে নিহত হয়েছেন। কুষ্টিয়ায় নিহত দু'জন হলেন মাদক ব্যবসায়ী ফুটু ওরফে মুন্না ও রাসেল আহমেদ। র‍্যাব জানায়, একদল মাদক ব্যবসায়ী মিরপুর উপজেলার খুশমা ইউনিয়নের আনন্দবাজার বালুচর সংলগ্ন জর্দ্দারের ইটভাটার কাছে অবস্থান করছে এমন সংবাদ পেয়ে কুষ্টিয়া র‍্যাব ক্যাম্পের একটি দল ঘটনাস্থানে অভিযান চালায়। র‍্যাবের উপস্থিতি টের পেয়ে মাদক ব্যবসায়ী তাদের লক্ষ্য করে গুলি ছুঁড়ে। জবাবে র‍্যাব সদস্যরাও পাল্টা গুলি চালালে দু'জন গুলিবিদ্ধ হয়। তাদের উদ্ধার করে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে নেয়ার পর কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন। এছাড়া, লক্ষ্মীপুরের রায়পুর চাঁদপুর সড়কের চরপাতা এলাকায় পুলিশের সাথে বন্দুকযুদ্ধে সোহেল রানা ওরফে চোরা সোহেল নামে একজন, নাটোরের বড়াইগ্রামে র‍্যাবের সাথে বন্দুকযুদ্ধে ওসমান গনি নামে একজন ও ঢাকার কেরানীগঞ্জে নূর হোসেন নূরা নামে একজন গোয়েন্দা পুলিশের সাথে বন্দুকযুদ্ধে নিহত হয়েছেন। (রেডিও টুডে: ১৩:৪৫ঘ. ১১/০৭/১৮ সাইফুর/আলি)

দেশের উন্নয়ন কর্মকাণ্ড জনগণের সামনে তুলে ধরার আহ্বান জানিয়েছেন তথ্য সচিব

দেশে চলমান উন্নয়ন কর্মকাণ্ড জনগণের সামনে তুলে ধরতে গণমাধ্যম কর্মীদের প্রতি আহ্বান জানিয়েছেন তথ্য সচিব আবদুল মালেক। আজ কক্সবাজার সার্কিট হাউজের সম্মেলন কক্ষে জেলা প্রশাসন ও জেলা তথ্য অফিস আয়োজিত সরকারের উন্নয়নমূলক কর্মকাণ্ড বিষয়ে সাংবাদিকদের সাথে মতবিনিময়কালে তিনি এই আহ্বান জানান।
(রেডিও টুডে: ১৩:৪৫ঘ. ১১/০৭/১৮ সাইফুর/আলি)

রাজনৈতিকভাবে গ্রেফতার করতে চাইলে খালেদা জিয়াকে আরও আগেই গ্রেফতার করা যেত

রাজনৈতিকভাবে গ্রেফতার করতে চাইলে বেগম খালেদা জিয়াকে আরও আগেই গ্রেফতার করা যেত বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। আজ বিকেলে স্পিকার শিরীন শারমীন চৌধুরীর সভাপতিত্বে জাতীয় সংসদে প্রধানমন্ত্রীর জন্য নির্ধারিত প্রশ্নোত্তর পর্বে তিনি আরও বলেন, আগামী জাতীয় সংসদ নির্বাচন অবাধ ও নিরপেক্ষ হবে।
(রেডিও টুডে: ১৮:৪৫ঘ. ১১/০৭/১৮ সোনিয়া/আলি)

ডিজিটাল নিরাপত্তা আইন-২০১৮ জনবান্ধব ও মিডিয়া বান্ধব হবে: আইনমন্ত্রী

ডিজিটাল নিরাপত্তা আইন-২০১৮ কালো আইন নয়। এই আইনটি জনবান্ধব ও মিডিয়া বান্ধব হবে বলে জানিয়েছেন আইনমন্ত্রী আনিসুল হক। আজ সচিবালয়ে আইনটি নিয়ে সাংবাদিক নেতাদের সঙ্গে আলোচনা শেষে তিনি একথা বলেন। আইনমন্ত্রী বলেন, সংসদীয় আগামী অধিবেশনে আইনটি পাস হতে পারে।
(রেডিও টুডে: ১৮:৪৫ঘ. ১১/০৭/১৮ সোনিয়া/আলি)

প্রধানমন্ত্রীর আশ্বাসের বার্তা পৌঁছে দিয়ে শিক্ষক-কর্মচারীদের অনশন ভাঙ্গালেন চার বিশিষ্টজন

প্রধানমন্ত্রীর আশ্বাসের কথা পৌঁছে দিয়ে আন্দোলনরত নন-এমপিও শিক্ষক-কর্মচারীদের অনশন ভাঙ্গিয়েছেন চার বিশিষ্টজন। আজ বেলা ৩টার দিকে কিছু পর জাতীয় অধ্যাপক আনিসুজ্জামান, সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা রাশেদা কে. চৌধুরী, মুক্তিযুদ্ধ যাদুঘরের ট্রাস্টি জিয়াউদ্দীন তারিক আলী ও ড. সরোয়ার আলী পানি পান করিয়ে শিক্ষকদের অনশন ভাঙ্গান। এসময় রাশেদা কে. চৌধুরী শিক্ষকদের উদ্দেশ্যে বলেন, তাদের যৌক্তিক দাবি ধাপে ধাপে বাস্তবায়ন হবে। আর প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বাস্তবায়ন হবে বলে আশা প্রকাশ করেন শিক্ষকেরা। এমপিওভুক্তির দাবিতে জাতীয় প্রেসক্লাবের সামনে গত ৩১দিন ধরে অবস্থান করছিলেন নন-এমপিও শিক্ষক ও কর্মচারীরা। এর মধ্যে শেষ ১৭দিন আমরণ অনশন কর্মসূচি পালন করেন তারা। (রেডিও টুডে: ১৮:৪৫ঘ. ১১/০৭/১৮ সোনিয়া/আলি)

খালেদা জিয়া এবং গয়েশ্বর চন্দ্র রায়ের বিরুদ্ধে গ্রেফতারী পরোয়ানা জারি আদালতের

মুক্তিযুদ্ধে শহীদদের সংখ্যা ও বুদ্ধিজীবীদের নিয়ে আপত্তিকর বক্তব্য দেয়ার অভিযোগ বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়া এবং দলের স্থায়ী কমিটির সদস্য গয়েশ্বর চন্দ্র রায়ের বিরুদ্ধে গ্রেফতারী পরোয়ানা জারি করেছেন আদালত। আজ ঢাকা মহানগর হাকিম আবু সাঈদ এ পরোয়ানা জারি করেন। এর আগে তাদের বিরুদ্ধে গ্রেফতারী পরোয়ানার আবেদন করেন মামলার বাদী এ.বি. সিদ্দিকী। গত ১লা জুলাই মামলায় অভিযোগের সত্যতা পাওয়া গেছে উল্লেখ করে খালেদা জিয়া ও গয়েশ্বর রায়ের বিরুদ্ধে প্রতিবেদন দাখিল করেন মামলার তদন্তকারী কর্মকর্তা শাহবাগ থানার উপ-পরিদর্শক জাফর আলী। (রেডিও টুডে: ১৮:৪৫ঘ. ১১/০৭/১৮ রিহাব/আলি)

হলমার্ক গ্রুপের চেয়ারম্যান জেসমিন ইসলামকে তিন বছরের কারাদণ্ড এবং ২০ লক্ষ টাকা জরিমানা

সম্পদের হিসাব বিবরণী দাখিল না করায় দুর্নীতি দমন কমিশনের দায়ের করা মামলায় হলমার্ক গ্রুপের চেয়ারম্যান জেসমিন ইসলামকে তিন বছরের কারাদণ্ড এবং ২০ লাখ টাকা জরিমানা করেছেন আদালত। আজ ঢাকা ৫ম বিশেষ

জজ আখতারুজ্জামান মামলার রায় ঘোষণা করেন। জরিমানার টাকা আগামী সাতদিনের মধ্যে পরিশোধ করার আদেশ দেয়া হয়েছে। হলমার্ক গ্রুপের ঋণ কেলেঙ্কারীর মামলায় গত ২১ মাস ধরে কারাবন্দী আছেন জেসমিন ইসলাম।
(রেডিও টুডে: ১৮:৪৫ঘ. ১১/০৭/১৮ রিহাব/আলি)

বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের মধ্যে গভীর সম্পর্ক বিদ্যমান: মার্শা স্টিফেন্স ব্লুম বার্নিকাট

বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের মধ্যে গভীর সম্পর্ক বিদ্যমান জানিয়ে ঢাকায় নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত মার্শা স্টিফেন্স ব্লুম বার্নিকাট বলেছেন, এ সুসম্পর্ক ধরে রাখতে যুক্তরাষ্ট্র প্রতিশ্রুতিবদ্ধ। দুপুরে রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায় পররাষ্ট্র সচিব শহীদুল হকের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ শেষে তিনি সাংবাদিকদের আরও বলেন, ওয়াশিংটন ও ঢাকার মধ্যে বিভিন্ন ক্ষেত্রে যে অংশীদারিত্ব রয়েছে, তা অব্যাহত থাকবে। (রেডিও টুডে: ১৮:৪৫ঘ. ১১/০৭/১৮ রিহাব/আলি)

শ্রীলঙ্কায় নেসলে রপ্তানির ঘোষণা নেসলে বাংলাদেশের

এই প্রথমবারের মত শ্রীলঙ্কায় নেসলে রপ্তানির ঘোষণা দিয়েছে নেসলে বাংলাদেশ। সম্প্রতি এক অনুষ্ঠানে এ ঘোষণা দেয় নেসলে বাংলাদেশ কর্তৃপক্ষ। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে আরও উপস্থিত ছিলেন বাংলাদেশ বাণিজ্য মন্ত্রণালয় সচিব শুভাশীষ বসু ও ঢাকায় নিযুক্ত শ্রীলঙ্কার রাষ্ট্রদূত ত্রিসান্তে ডি সিলভা।
(রেডিও টুডে: ১৮:৪৫ঘ. ১১/০৭/১৮ রিহাব/আলি)

মুক্তি পেলে রাশেদ খানকে কোন আন্দোলনে অংশ নিতে দেবেন না বললেন তার মা

মুক্তি পেলে কোটা আন্দোলনের যুগ্ম আহবায়ক রাশেদ খানকে কোন ধরনের আন্দোলনে অংশ নিতে দেবেন না বলে জানিয়েছেন তার মা সালেহা বেগম। গতকাল ক্রাইম রিপোর্টার্স মিলনায়তনে এক সাংবাদিক সম্মেলনে তিনি একথা বলেন। এ সময় প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে রাশেদের মুক্তি চেয়ে তিনি কান্নায় ভেঙ্গে পড়েন।
(রে. টুডে : ০৮:৪৫ ঘ. ১২/০৭/১৮ এলিনা/হেলাল)

BBC

GERMANY IS TOTALLY CONTROLLED BY RUSSIA: TRUMP

At talks in Brussels with NATO Chief Jens Stoltenberg, President Donald Trump said that Germany was totally controlled by Russia, because of its gas imports and it was a very bad thing for NATO. He claimed that seventy percent of Germany’s gas import was Russian. The latest official figure was in fact 50.75 percent.
(BBC: 0600 hrs. 12-07-18 Faruk/Sajib)

CHINNA SHOCKED BY US TRADE ACTIONS

China said, it is shocked after the US announces plans for fresh tariffs, escalating a trade war between the two countries. The US listed 200 billion dollar worth of additional products it intends to place tariffs on as soon as September. The move comes just days after the two countries imposed tit-for-tat tariffs of 34 billion dollar on each others’ goods. Beijing described Washing’s latest threat as totally unacceptable, saying it would harm the world. (BBC: 0600 hrs. 12-07-18 Faruk/Sajib)

ZIMBABWE LAUNCHES SPACE AGENCY

Zimbabwe’s President Emmerson Mnangagwa has launched a space agency to help farmers, mine companies and cartographers, among others. The Zimbabwe National Geospatial and Space Agency-ZNGSA is expected to use observation satellites and drones, among other hardware, to help in its work. The ZNGSA was launched alongside two other new organisations aimed at modernising the country.
(BBC: 0600 hrs. 12-07-18 Faruk/Sajib)

PRESIDENT TO TESTIFY OVER ABDUCTED ENVOY

The Highest Court in el-Salvador has ordered president Salvador Sanchez Ceren to testify in the case of a South African Ambassador to the country who was kidnapped and later killed. Archibald Gandner Dunn was seized by armed men outside the embassy on 28 November 1979. Almost a year later, the leftwing rebel group Popular Liberation Forces said it had killed the diplomat.
(BBC: 0600 hrs. 12-07-18 Faruk/Sajib)

TRUMP WANTS NATO TO DOUBLE FUNDING TARGET

US President Donald Trump has urged NATO allies to commit four percent of their annual output to military spending double the current target. The White House confirmed he made the remarks during the Western military alliances summit in Brussels. Earlier, Mr. Trump criticized Germany over its defence spending and energy reliance on Russia. (BBC: 2100 hrs. 11-07-18 Faruk/Sajib)

FIRST HOSPITAL VIDEO EMERGES OF THAI BOYS

The first footage has emerged from the hospital where twelve Thai boys and their coach are being treated after their dramatic rescue from a flooded cave. Several boys can be seen in facemasks and hospital gowns, at least one giving a victory sign for the camera. Meanwhile, reports say, the boys and the coach were sedated to stop them panicking during the dangerous rescue.
(BBC: 2100 hrs. 11-07-18 Faruk/Sajib)

SYRIA ARMY ATTACKS IS ENCLAVE IN SOUTHWEST

Syrian government and Russian forces are reportedly attacking an enclave held by the jihadist group Islamic State in southwestern Syria. Activists and a monitoring group said, aircraft were bombing the Tarmouk Basin area, which borders Jordan and the Israeli occupied Golan Heights. The militants are said to have counter attacked, targeting nearby villages. (BBC: 2100 hrs. 11-07-18 Faruk/Sajib)

GREECE EXPETS RUSSIAN DIPLOMATS

Greece has ordered the expulsion of two Russian diplomats and barred the entry of two others for allegedly undermining national security. The Greek government has accused the Russian officials of acting to obtain and distribute sensitive information. Russia said on Wednesday it would mirror the move by expelling two Greek diplomats. (BBC: 2100 hrs. 11-07-18 Faruk/Sajib)

INDIA IS FAILING TO PROTECT TAJ MAHAL

India's Supreme Court has criticized the government for what it calls a failure to protect the Taj Mahal. The court said, both the federal and state government has shown letharges in taking steps to tackle the monument's deteriorating condition. The court comments came in response to a petition citing concerns about the impact of pollution on the 17th century monument. (BBC: 2100 hrs. 11-07-18 Faruk/Sajib)

US CANNOT REUNITE DOZENS OF CHILD MIGRANTS

The Trump administration has said, twenty seven young migrant children are not eligible for reunification with their parents, according to a court filing. Twelve other children's mothers or fathers have already been deported from the US said the government. Nearly three thousand children were split from undocumented adults entering the US. (BBC: 2100 hrs. 11-07-18 Faruk/Sajib)

JAPAN FLOOD: AT LEAST 179 DEAD AFTER WORST WEATHER

Japan is still reeling from one of its worst flooding disasters in decades, which has killed at least 179 people and left seventy missing. Torrential rains triggered landslides and floods in central and western areas. More than eight million people have been ordered to evacuate their homes. This is the highest death toll caused by rainfall in Japan since 1982.
(BBC: 2100 hrs. 11-07-18 Faruk/Sajib)

:: THE END::